

স্মারক নং- ইআবি/রেজি/বিবিধ চিঠি/২০১৫/১৮৫৯

তারিখঃ ১৩ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ  
২৮ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

গত ১ জুলাই, ২০১৬ ইং তারিখে হলি আর্টিসান রেস্টুরেন্ট, গুলশান-এ এক মর্দমস্ত জঙ্গি হামলা সংগঠিত হয়েছে। অতঃপর শোলাকিয়া ঈদগাহ, কিশোরগঞ্জেও অনুরূপ ঘটনার পুনরাবৃত্তি ঘটেছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত ঘটনার মাধ্যমে যাতে জাতীয় স্থিতিশীলতা বিনষ্ট করার জন্য কোন মহল আর কোন অপপ্রয়াস চালাতে না পারে সে বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা অনুযায়ী আগামী ১ আগস্ট, ২০১৬ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০টা থেকে ১২.০০টা পর্যন্ত রাসেল স্কয়ার, ধানমন্ডি- ৩২, ঢাকায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ এর নেতৃত্বে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যানারে মানববন্ধন ও র্যালি কর্মসূচী পালন করা হবে। মানববন্ধন ও র্যালি শেষে বিশ্ববিদ্যালয় অফিস প্রাঙ্গনে উল্লিখিত বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অংশ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা-১/২০১৬/১৮৫১

তাং-২৮/০৭/২০১৬ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাদরাসা পরিদর্শক (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ২। পরিকল্পনা ও উন্নয়ন প্রধান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৩। উপ-রেজিস্ট্রার (অর্থ ও হিসাবের দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৪। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। আই.সি.টি. বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। অফিস নথি।